

হাতির জন্য



হাতি-মানুষের সংঘাত এড়াতে সচেতনতা
বাড়ানো জরুরি। সেই সচেতনতা বাড়াতে
পারে ছাত্র ছাত্রীরা। ১২ অগস্ট বিশ্ব হাতি
দিবসে গড়বেতার খাদিকা হাইস্কুলে এ নিয়েই
এক সভা হল। উদ্যোক্তা গড়বেতা কলেজের

প্রকৃতি ও পরিবেশ উপসমিতি এবং এনসিসি
বিভাগ। স্কুলের ছাত্র ছাত্রীদের নিয়ে বন্যপ্রাণী
ও পরিবেশের ভারসাম্য রক্ষায় মানুষের দায়িত্ব
ও কর্তব্য নিয়ে আলোচনা করেন বিভিন্ন বক্তা।
ছাত্র ছাত্রীদের লিফলেট দেওয়া হয়। কলেজের
অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার ও অধ্যাপক
পৃথ্বীশকুমার হাইত হাতি-সহ বন্যপ্রাণীদের
প্রতি নতুন প্রজন্মের বিবেচনা, সহানুভূতিশীল
ও শান্তিপূর্ণ সহাবস্থানের উপর গুরুত্ব
দেন। হাতি-মানুষের সংঘাত এড়াতে আরও
সচেতন হওয়ার আবেদন করে তাঁরা। স্কুল-
কলেজের ছাত্র ছাত্রীদেরও এগিয়ে আসার
কথা বলেন।